

বিজিবি'র অভিযানে গত মে মাসে ১১৫ কোটি ৪৫ লক্ষাধিক টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত মে মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ১১৫ কোটি ৪৫ লক্ষ ৮৫ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে। আটককৃত মাদকের মধ্যে রয়েছে ১৪,৭২,০৬০ পিস ইয়াবা ট্যাবলেট, ১৬,৯০৪ বোতল বিদেশী মদ, ১,৭৯২ লিটার বাংলা মদ, ২১,৬৩৩ বোতল ফেনসিডিল, ১,০০৭ কেজি গাঁজা, ১ কেজি ৬২০ গ্রাম হেরোইন, ১,৪২৮ টিএ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট, ৫৫৫ টি ইনজেকশন, ৬,৮৭,০৪০ টি অন্যান্য ট্যাবলেট। এছাড়াও অন্যান্য চোরাচালান দ্রব্যের মাধ্যে ২৮,২৫৪ পিস শাড়ী, ৯,২৩৪ পিস থ্রি পিস/শার্ট পিস, ৮,৬৯৯ মিটার থান কাপড়, ৬,৩১৭ তৈরী পোশাক, ২৭,৩৮০ সিএফটি কার্ট ও ৪ কেজি ১৯৪ গ্রাম স্বর্ণ। গত মাসে বিজিবি'র অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ৯৬ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ৭১ জন বাংলাদেশী নাগরিককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে। এছাড়া ভারত হতে বাংলাদেশে অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ৭ জন ভারতীয় নাগরিককে আটকপূর্বক ৩ জনকে বিএসএফ এর নিকট হস্তান্তর ও ৪ জনকে থানায় সোপর্দ এবং বাংলাদেশ-মায়ানমার সীমান্তে ১৮০ জন মায়ানমার নাগরিকের অবৈধ অনুপ্রবেশ প্রতিহত করা হয়েছে।

উল্লেখ্য, চলতি বছরের জানুয়ারি হতে মে মাস পর্যন্ত বিজিবি ৬৩০ কোটি ০৭ লক্ষ ৭৫ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে।